

**B.A. 5th Semester (Honours) Examination, 2019**

বিষয় : বাংলা

পত্র : CC-11

(গল্প)

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৬০

দক্ষিণ প্রাতেহ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'পোস্টমাস্টার' গল্পটি প্রথম কোন পত্রিকায় কত সালে প্রকাশিত হয়?
- (খ) 'একরাত্রি' গল্পের নায়ক কলকাতায় এসে কী হতে চেয়েছিল?
- (গ) 'মেঘ ও রৌদ্র' গল্পের নায়কের নাম কী? সে কোন ডিপ্রি লাভ করেছিল?
- (ঘ) 'কঙ্কাল' গল্পের নায়িকার নাম কী? কত বছর বয়সে সে মারা যায়?
- (ঙ) 'অতিথি' গল্পের নায়ক কে? তার বয়স কত বলে গল্পে উল্লেখ করা হয়েছে?
- (চ) 'স্ত্রীর পত্র' গল্পে আত্মহত্যাকারী মেয়েটির নাম কী? কীভাবে সে আত্মহত্যা করেছিল?
- (ছ) 'স্ত্রীর পত্র' গল্পের পটভূমি তথা স্থান-নাম হিসেবে উল্লিখিত গলিপথের নাম ও নম্বর কত?
- (জ) 'ল্যাবরেটরি' গল্পে নন্দকিশোর কীভাবে মারা গিয়েছিল?
- (ঝ) 'জলসাঘর' গল্পে বিশ্বস্তবাবুর ঘুম ভাঙে কীভাবে?
- (ঝঃ) 'প্রাইগেতিহাসিক' গল্পে ভিখুর একটি হাত কীভাবে নুলো হয়ে পড়েছিল?
- (ট) 'ফসিল' গল্পের ঘটনাস্থানটির নাম কী? সেটির আয়তন কত?
- (ঠ) 'ফসিল' গল্পে কুর্মি প্রজাদের নগদ মজুরি শিখিয়েছে কে? নগদ মজুরিটি কত?
- (ড) 'টোপ' গল্পে পার্শ্বেলটির সঙ্গে যে সবুজ রঙের কার্ড ছিল তাতে পার্শ্বেল প্রেরকের পক্ষ থেকে কী লেখা ছিল?
- (ঢ) 'একটু শুনে যাও মণিদা'—মণিদা কে? তাকে কে ডাকছে?
- (ণ) 'আদাৰ' গল্পে ডাস্টবিনের ভিতর থেকে কে বেরিয়ে এসেছিল?

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'কঙ্কাল' গল্পের নামকরণের তাৎপর্য বিচার করো।
- (খ) 'পোস্টমাস্টার' গল্পে রতন-এর স্বভাববৈশিষ্ট্য লেখো।
- (গ) 'মেঘ ও রৌদ্র' গল্প অবলম্বনে গিরিবালার স্বভাববৈশিষ্ট্য সংক্ষেপে লেখো।
- (ঘ) 'জলসাঘর' গল্পে চাকর অনন্ত চরিত্রটি সম্পর্কে তোমার অভিমত লেখো।
- (ঙ) 'টোপ' গল্পের টোপ কী? কাকে, কে টোপ বানিয়েছিল?
- (চ) 'আদাৰ' গল্পের দাঙ্গাবিধবস্ত পটভূমিটি বর্ণনা করো।

10×2=20

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) 'একরাত্রি' গল্পের নায়ক তার জীবনে একটি রাত্রির অভিজ্ঞতাকে কেন 'জীবনের চরম সার্থকতা' ভেবেছে তা আলোচনা করো।
- (খ) 'মেঘ ও রৌদ্র' গল্পে প্রকৃতি কীভাবে গল্পের অন্যতম চরিত্র হয়ে উঠেছে বুবিয়ে দাও।
- (গ) 'প্রাণ্গতিহাসিক' নামকরণের কারণ কী তা আলোচনা-সাপেক্ষে প্রতিষ্ঠা করো।
- (ঘ) 'টোপ' গল্পের মূল উপজীব্য মধ্যবিত্তের মেরুদণ্ডহীন অসহায়তা—মস্তব্যটির যাথার্থ্য বিচার করো।